

## Sensitization messages for Rohingya community Decrease GFA BASE Entitlement

All Camps

- অত্যন্ত দুঃখের সাথে আপনাকে জানানো যাচ্ছে যে, ডব্লিউএফপি'র সকল আন্তরিক প্রচেষ্টা স্বত্বেও আমরা এখনো মারাত্মক অনুদান সংকটের মুখোমুখি। তাই, সামনের দিনগুলোতে একই পরিমাণে খাদ্য সহায়তা দেওয়া আমাদের পক্ষে সম্ভব হচ্ছে না।
- সারা বিশ্বব্যাপী, ডব্লিউএফপি'র বিভিন্ন সহায়তা কার্যক্রমও আমাদের মতোই মতোই অনুদান সংকটের মুখোমুখি হয়েছে। আমরা নিশ্চিত করে বলতে পারি, আপনাদেরকে অব্যাহতভাবে সহায়তা দিতে আমরা অনুদান সংগ্রহের জন্য সাধ্যমতো চেষ্টা করে যাবো।
- কিন্তু, এই বছরের জুন মাস থেকে আমাদেরকে খাদ্য সহায়তা ভাউচারে সহায়তার পরিমাণ ১,০৫০ টাকা থেকে কমিয়ে ৮৪০ টাকায় নিয়ে আসতে হয়েছে। অন্যথায় শীঘ্রই আমরা অনুদানশূন্য হয়ে যাবো।
- কেবলমাত্র খাদ্য ভাউচারে সহায়তার পরিমাণ কমিয়ে আনার মাধ্যমে আমরা যথাসম্ভব দীর্ঘদিন ধরে প্রত্যেককে খাদ্য সহায়তা দিয়ে যেতে পারবো। এভাবে সহায়তার পরিমাণে কমিয়ে আনার প্রভাব শুধুমাত্র ডব্লিউএফপি থেকে আপনারা যে পরিমাণে খাদ্য সহায়তা পেতেন, তার উপরেই পড়বে। প্রত্যেকের জন্য খাদ্য সহায়তায় এই পরিবর্তন প্রযোজ্য হবে, কোনো নির্দিষ্ট ব্যক্তি বা পরিবারের জন্য না। অন্যান্য সহায়তা, যেমন পুষ্টির ক্ষেত্রে আমরা এখনো সমস্যার মুখোমুখি হইনি। তাই সেসব ক্ষেত্রে আগের মতোই সহায়তা দেওয়া হবে।
- আপনার খাদ্য ও পুষ্টি নিরাপত্তার ওপর খাদ্য সহায়তায় এই হ্রাসের প্রভাব পড়তে পারে। সচরাচরভাবে শিশু, গর্ভবতী ও সন্তানকে বুকের দুধ খাওয়াচ্ছেন – এমন নারী, প্রতিবন্ধী ও বয়স্ক ব্যক্তিদের ওপরই এর প্রভাব পড়বে। খাদ্য সহায়তার পরিমাণে এই পরিবর্তনের প্রভাব কমিয়ে আনতে আপনি যা যা করতে পারেন, তা হলো:
  - এই ৮৪০ টাকা ব্যবহার করে আগের মতোই প্রত্যেক ব্যক্তি প্রতিমাসে সর্বোচ্চ ১৩ কেজি করে চাল কিনতে পারবেন।
  - অবশিষ্ট অর্থ দিয়ে আপনি শাকসব্জি, ফল, মুরগী ও মাছের মতো তাজা খাবার কিনতে পারবেন।
  - ডব্লিউএফপি'র ই-ভাউচার আউটলেট থেকে যা যা খাবার কিনবেন, তার সবগুলোই খাওয়ার চেষ্টা করবেন। এই সময়ে এসে এটা করা অত্যন্ত জরুরি। কেননা, আপনি আগের মতো সমপরিমাণ খাবার পাবেন না।
- আপনি প্রতিমাসে যে অর্থের সমপরিমাণে খাদ্য সহায়তা পাচ্ছেন, সে ব্যাপারে কিংবা খাবারের মান ও আউটলেট থেকে আপনি যে খাবার কিনছেন, সেই খাবারের পরিমাণ বিষয়ে আপনার কোনো অভিযোগ বা মন্তব্য থাকলে আউটলেটে থাকা স্টাফদেরকে তাৎক্ষণিকভাবে অবহিত করুন।
- মনে রাখবেন, ডব্লিউএফপি থেকে যেসব সহায়তা দেওয়া হয়, তা সম্পূর্ণ বিনামূল্যে দেওয়া হয়। ডব্লিউএফপি থেকে দেওয়া খাদ্য সহায়তার বিনিময়ে কোনোধরনের আর্থিক লেনদেন, যৌন সম্পর্ক বা অন্য কোনো ধরনের লেনদেন করা যাবে না। এমনটি হচ্ছে বলে সন্দেহ হলে কিংবা আপনি নিজে এমন কোনো পরিস্থিতির সম্মুখীন হলে বা এমন কিছু হচ্ছে দেখে থাকলে অনুগ্রহ করে তাৎক্ষণিকভাবে তা নিচে উল্লিখিত অভিযোগ ও প্রতিক্রিয়ার মাধ্যমগুলো ব্যবহার করে ডব্লিউএফপিকে জানাতে পারেন:

### প্রতিক্রিয়া ও অভিযোগ সংক্রান্ত বার্তা

নিচের মাধ্যমগুলো ব্যবহার করে আপনারা ডব্লিউএফপিকে অভিযোগ বা প্রতিক্রিয়াগুলো জানাতে পারেন:

- **ডব্লিউএফপি হটলাইন – ০৮ ০০০ ৯৯৯ ৭৭৭** –এই নাম্বারটি সপ্তাহের ৭ দিন ২৪ ঘণ্টা খোলা থাকে। এই নাম্বারে কল করতে কোনো টাকা খরচ হয় না।

- **সহায়ক অংশীদার সংস্থা/ হেল্প ডেস্ক:** ডব্লিউএফপি ফুড আউটলেটে এই হেল্প ডেস্কগুলো থাকে। আউটলেটে আসলে হেল্প ডেস্কে অবস্থানরত কর্মীর কাছে আপনি আপনার অভিযোগ সম্পর্কে জানাতে পারবেন।
- **নিউট্রিশন সেন্টার** – সেন্টারে অবস্থিত কর্মী বা হেল্প ডেস্কে অবস্থানরত কর্মীর কাছে আপনি আপনার অভিযোগ ও প্রতিক্রিয়া সম্পর্কে জানাতে পারবেন।
- **ফিডব্যাক ইনফো সেন্টার/হাব** – এই সেন্টারগুলো আইওএম, ইউএনএইচসিআর ও ডিআরসি দ্বারা পরিচালিত হয়। সপ্তাহের যেকোনো দিন এই সেন্টারগুলোতে গিয়ে আপনি ডব্লিউএফপিসহ সকল সংস্থার ব্যাপারে আপনার প্রতিক্রিয়া জানাতে পারেন।

মনে রাখবেন, সর্বোচ্চ সম্মান ও গোপনীয়তা বজায় রেখে আপনার অভিযোগগুলো নিয়ে আমরা কাজ করি। আর, কেউ আপনার ওপর প্রতিশোধ নিতে চাইলে তা প্রতিরোধ করতে আমাদের কঠোর নীতিমালা রয়েছে। যদি আপনার মনে হয় যে, আপনার কোনো অভিযোগের সমাধান ঠিকমতো হয়নি, তবে আপনি সিআইসি-এর মতো ক্যাম্প ব্যবস্থাপনাকারী কর্তৃপক্ষের কাছে গিয়েও তা প্রতিকারের জন্য অনুরোধ জানাতে পারেন।